

B.A. 4th Semester (Honours) Examination, 2019**BENGALI**

(রবীন্দ্রসাহিত্য)

Paper : 404-GE-4**Course ID : 40114**

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে কোনো পাঁচটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও : ২×৫=১০
- (ক) ‘বাঁশি’ কবিতায় উল্লিখিত রেলস্টেশন ও নদীটির নাম লেখো।
- (খ) ‘মুক্তি’ কবিতার নায়িকার ‘সংসারে’ প্রবেশ ও প্রস্থানের বয়স কত?
- (গ) রামসুন্দর বেহাইয়ের কাছে কার বাড়ির কোন ঘটনার আদ্যোপান্ত বিবরণ দিয়েছিলেন?
- (ঘ) হরিহর সন্ন্যাসী প্রদত্ত কাগজটি কী কাঠের বাক্সে কোথায় লুকিয়ে রেখেছিলেন?
- (ঙ) হাবলুর প্রকৃত নাম কী? তার বয়স কত?
- (চ) বেঙ্কট শাস্ত্রী কোথা থেকে এসেছিলেন এবং মধুসূদনের মুখের দিকে চেয়ে প্রথমে কী বলেছিলেন?
- (ছ) কার রচনার প্রভাবে ‘কালের যাত্রা’ নাটকের ভাবনা রবীন্দ্রনাথের মনে উদয় হয়? নাটকটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?
- (জ) “কালের রথ যাত্রায় কোনো হাত নেই তোমাদের।”— কে, কাদের উদ্দেশ্যে একথা বলেছেন?
- ২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০
- (ক) “এমন অনেক মালতী আছে বাংলাদেশে”— বঙ্গার এই উক্তির কারণ ব্যাখ্যা করো।
- (খ) “এই গেল এই গল্পের প্রথম পালা”— প্রথম পালার ঘটনাটি বর্ণনা করো।
- (গ) “একদিন ওখানে যেতে তো হবেই, আর তো রাস্তা নেই।”— কে, কেন একথা বলেছেন?
- (ঘ) ‘সুরোপখণ্ডকে’ কার চেলা বলা হয়েছে এবং কেন— ব্যাখ্যা করো।
- ৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) মেঘদূত কবিতার রচনাশৈলী বিচার করো।
- (খ) ‘নষ্টনীড়’ গল্পের নামকরণের যথার্থতা নির্দেশ করো।
- (গ) ‘যোগাযোগ’ উপন্যাস অবলম্বনে লেখকের জীবনদর্শনের পরিচয় দাও।
- (ঘ) ‘কালের যাত্রা’ নাটকে শূদ্র জনসাধারণের ভূমিকা পর্যালোচনা করো।